**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 22-08-2025** **Desk in Charge : SDG**

**Time: 7 -50 PM** **Compiling : Saibal B., Susmita S.**

**DEO : KB** **NR : Susmita S.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় তিনটি নতুন মেট্রো রেল পথের সূচনা সহ ৫ হাজার ২০০ কোটি টাকার বেশি মূল্যের উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

২/ শ্রী মোদী বলেছেন, অবৈধ অনুপ্রবেশকারীদের কোনোমতেই এদেশে থাকতে দেওয়া হবেনা। তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস সহ ইন্ডি-জোট, অনুপ্রবেশকারীদের তোষণ করছে।

৩/ প্রধানমন্ত্রী বলেছেন, বাঙালী মনীষীদের এবং সংস্কৃতির প্রতি তাঁর অসীম শ্রদ্ধা রয়েছে। কেন্দ্রীয় সরকারের হাত ধরেই বাংলা, ধ্রুপদী ভাষার মর্যাদা পেয়েছে বলে তিনি জানিয়েছেন।

৪/ আজ জয়েন্ট এন্ট্রান্সের ফল প্রকাশিত হয়েছে।

৫/ আজ কৌশিকী অমাবস্যা। তারাপীঠ সহ বিভিন্ন দেবী পীঠে যথাযথ মর্যাদায় দিনটি পালিত হচ্ছে।

***************************************************************************

মোদী রাজ্যে (৭-৫০) ২২-০৮-২৫

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ কলকাতায় তিনটি নতুন মেট্রো রেল পথের সূচনা সহ ৫ হাজার ২০০ কোটি টাকার বেশি মূল্যের উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। যশোর রোড মেট্রো স্টেশন থেকে তিনি ইস্ট-ওয়েস্ট মেট্রো রুটে শিয়ালদা থেকে ধর্মতলা, গড়িয়া–বিমানবন্দর মেট্রো রুটে বেলেঘাটা থেকে হেমন্ত মুখোপাধ্যায় এবং নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমানবন্দরের মধ্যে সংযোগকারী নতুন রেলপথের সূচনা করেন। সঙ্গে ছিলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যরা। প্রধানমন্ত্রীর উদ্বোধনের পর আজ সন্ধ্যে ৬ টায় হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভের মধ্যে বাণিজ্যিকভাবে ট্রেন পরিষেবা শুরু হয়েছে। তবে বাণিজ্যিকভাবে আগামী সোমবার অরেঞ্জ লাইনে কবি সুভাষ থেকে বেলেঘাটা এবং ইয়েলো লাইনে নোয়াপাড়া থেকে জয় হিন্দ বিমান বন্দর পর্যন্ত মেট্রো পরিষেবা শুরু হবে।

(বাইট-PM কলকাতা মেট্রো নেটওয়ার্ক)

আজ বিকেলে বিহার সফর শেষে তিনি দমদম বিমান বন্দরে অবতরণ করেন। প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে রাজ্যের পক্ষ থেকে বিমান বন্দরে উপস্থিতি ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ এবং মন্ত্রিসভার সদস্য জ্যোৎস্না মান্ডি। প্রধানমন্ত্রী যশোর রোড মেট্রো স্টেশন থেকে জয়হিন্দ বিমান বন্দর মেট্রো স্টেশন পর্যন্ত ও ফিরতি পথে জয়হিন্দ বিমান বন্দর থেকে যশোর রোড পর্যন্ত মেট্রো পথে সফর করেন। পরে তিনি যশোর রোড মেট্রো স্টেশন থেকে সড়ক পথে দমদম সেন্ট্রাল জেলের মাঠ পর্যন্ত আসেন।

শ্রী মোদি এদিন কলকাতার উন্নয়ন প্রসঙ্গে বলেন-

(বাইট- PM হাওড়া-শিয়ালদহ )

আজ বিজেপির ‘বিজয় সংকল্প সভা’ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, অবৈধ অনুপ্রবেশকারীদের কোনও মতেই এই দেশে থাকতে দেওয়া হবে না। তৃণমূল কংগ্রেস সহ ইন্ডি জোটের তোষণের জন্য অনুপ্রবেশকারীদের উৎসাহ দেওয়ার ফলে দেশের জনবিন্যাস বদলে যাচ্ছে বলে তিনি অভিযোগ করেন। আর এই কারণেই এ বছর ১৫ই আগস্ট

লালকেল্লার প্রাকার থেকে ভাষণ দেওয়ার সময় তিনি 'ডেমোগ্রাফিক মিশন' তৈরির কথা বলেছেন। এর উদ্দেশ্য হল, কেউ যাতে দেশের মানুষের রুটি রুজি ছিনিয়ে নিতে না পারে।

(বাইট- PM ডেমোগ্রাফি )

নিজেকে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সৈনিক বলে বর্ণনা করে শ্রী মোদি এদিন বলেন, বিজেপি পশ্চিমবঙ্গে ক্ষমতায় এলে সতীশচন্দ্র দাশগুপ্ত, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, গোষ্ঠ পাল, হরিনাথ দে-র বাংলা পুনর্জাগরিত হবে। বাংলা ভাষা ও সংস্কৃতির প্রতি শ্রী মোদি তাঁর অসীম শ্রদ্ধার কথা তুলে ধরে বলেন, কেন্দ্রের হাত ধরেই বাংলা ধ্রুপদী ভাষার মর্যাদা পেয়েছে। এটা তাঁর কাছে সৌভাগ্যের বিষয়।

শ্রী মোদি বলেন, বিজেপি বাংলার উন্নয়ন চায়। পশ্চিমবঙ্গের বিকাশের জন্য যে টাকা কেন্দ্র পাঠায়, তা লুঠ হয়ে যাচ্ছে বলে তিনি অভিযোগ করেন। তিনি বলেন, গরিব কল্যাণে পাঠানো টাকা টিএমসি ক্যাডারদের পিছনে খরচ হচ্ছে। এ রাজ্য কেন্দ্রীয় সরকারের কল্যাণমূলক প্রকল্পগুলির সুবিধ পাওয়ার থেকে বঞ্চিত হচ্ছে বলেও তিনি এদিন অভিযোগ করেছেন। এ প্রসঙ্গে তিনি বলেন, আসাম ও ত্রিপুরায় একইভাবে গরিবদের জন্য পাঠানো টাকা নয়ছয় হত। কিন্তু বিজেপি ক্ষমতায় আসার পর দুই রাজ্যেই উন্নয়নে জোয়ার এসেছে। পশ্চিমবঙ্গে বিজেপি সরকার ক্ষমতায় এলে বিকাশ হবেই বলে মন্তব্য করে তিনি বলেন, বিকশিত বাংলা/মোদির গ্যারান্টি। বাংলার উদয়, বিকশিত ভারতের জয়।

(বাইট-PM বাংলার উদয় )

সংসদে সাম্প্রতিক সংবিধান সংশোধনী বিল প্রসঙ্গে বলতে গিয়ে শ্রী মোদি মন্তব্য করেন, তৃণমূল কংগ্রেস, এর বিরুদ্ধে খুবই সোচ্চার হয়েছে, কারণ তাঁরা দুর্নীতিতে ডুবে রয়েছে। তিনি প্রশ্ন তোলেন, একজন সরকারি কর্মচারী যদি ৫০ ঘণ্টা হেফাজতে থাকে তাহলে তাঁকে শাস্তি পেতে হয়। কিন্তু মন্ত্রীদের ক্ষেত্রে সে রকম কিছু কেন হয় না। প্রধানমন্ত্রী বলেন, শিক্ষামন্ত্রীর বাড়ি থেকে কোটি কোটি টাকা উদ্ধার হয়েছে, তবু তিনি মন্ত্রিত্ব ছাড়েননি। আরেক মন্ত্রী রেশন দুর্নীতিতে জড়িত, তিনিও জেলে থেকেই মন্ত্রিত্ব চালাতে চেয়েছিলেন। পাশাপাশি দুর্নীতিবাজ, অপরাধীরা জেলে যাবেন বলেও তিনি মন্তব্য করেন।

**দমদম সেন্ট্রাল জেল ময়দানে এক জনসভায় এদিন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, রাহুল সিন্‌হা প্রমুখ।**

************************

দীর্ঘ আইনি জটিলতার পর রাজ্য জয়েন্টের ফল প্রকাশিত হল। পরীক্ষা হয়েছিল ২৭ এপ্রিল। তার ১১৭ দিন পর আদালতের হস্তক্ষেপে প্রকাশিত হল রাজ্য জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশনের ফল।

এ বারের পরীক্ষায় প্রথম হয়েছেন কলকাতার ডন বস্কো স্কুলের অনিরুদ্ধ চক্রবর্তী। দ্বিতীয় স্থানে রয়েছেন নদিয়ার কল্যাণী সেন্ট্রাল মডেল স্কুলের সাম্যজ্যোতি বিশ্বাস এবং তৃতীয় স্থানে কলকাতার রুবি পার্ক দিল্লি পাবলিক স্কুলের দিশান্ত বসু।

৫ জুন জয়েন্ট এন্ট্রান্সের ফল প্রকাশের প্রস্তুতি সেরে ফেলেছিল বোর্ড। তার পরেই আদালতে ওবিসি সংরক্ষণ মামলা নিয়ে জটিলতার সৃষ্টি হয়। সোমবার ওই মামলায় কলকাতা হাইকোর্টের রায়ের উপর স্থগিতাদেশ জারি করেছে সুপ্রিম কোর্ট। তার ফলে অবশেষে আদালতের নির্দেশে ২২ অগস্ট ফলাফল ঘোষণা করল জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন বোর্ড। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এক্স হ্যান্ডেলে উত্তীর্ণদের শুভেচ্ছা জানিয়েছেন। পরীক্ষার্থীরা জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন বোর্ডের দু'টি ওয়েবসাইট (www.wbjeeb.nic.in 3 www.wbjeeb.in) থেকে রাঙ্ক  ডাউনলোড করার সুযোগ পাবেন। এর আগে আজ সকালে রাজ্যের  জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশ সংক্রান্ত মামলায় কলকাতা হাইকোর্টের বিচারপতি কৌশিক চন্দর  নির্দেশের ওপর সুপ্রিমকোর্ট স্থগিতাদেশ জারি করে।

প্রধান বিচারপতি বি আর গভাইয়ের বেঞ্চ এই নির্দেশ দেওয়ায়  ফলে, রাজ্য  নতুন সংরক্ষণ নীতি অনুযায়ী যে  ১৪০টি শ্রেণি ও ওবিসি- এ ও ওবিসি-বি মিলিয়ে  ১৭% সংরক্ষণের যে তালিকা প্রস্তুত করেছিল সেই অনুযায়ী ফলাফল প্রকাশ করার আইনি অনুমোদন পেয়ে যায়।

**********************

কোচবিহারে ডাওয়াগুড়ির তৃণমূল নেতা অমর রায়ের খুনের ঘটনায় আরো দু'জনকে গ্রেফতার করেছে কোচবিহার পুলিশ। ঘটনায় জড়িত থাকার অভিযোগে অরুণাচল প্রদেশের পাপামপারে জেলা থেকে গতকাল নারায়ণ বর্মন এবং কিশোর বর্মন নামে দুই যুবককে গ্রেফতার করেছে পুলিশ। তাদের বাড়ি কোচবিহারের পুন্ডিবাড়ি থানা এলাকার মরানদীর কুটি এলাকায়।

কোচবিহার জেলা আদালতে আজ তাদের তোলা হলে বিচারক সাত দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, গত ৯ তারিখ ডোডেয়ারহাটের ভরা বাজারে খুন হন তৃণমূল নেতা অমর রায়। ঘটনার পর গত ১৭ তারিখ বিনয় রায় নামে এক শার্প শ্যুটারকে গ্রেফতার করে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদ করে এই দুজনকে গ্রেফতার করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে। তৃণমূল কংগ্রেস নেতার হত্যার ঘটনায় এ পর্যন্ত তিনজনকে গ্রেপ্তার করা হল।

**********************

নিউ গড়িয়া অঞ্চলে এক বৃদ্ধার রহস্যমৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। নিজের বাড়িতে হাত-পা বাঁধা রক্তাক্ত অবস্থায় পড়েছিলেন তিনি। প্যাশে হাত-পা বাঁধা অবস্থায় পড়েছিলেন তাঁর স্বামী। ৭৯ বছরের বিজয়া দাস নামে ওই বৃদ্ধা ও তাঁর স্বামী পিকে দাস নিউ গড়িয়া কো-অপারেটিভের এস-কুলুভিলায় থাকতেন। পুত্র থাকেন ভিন রাজ্যে, কন্যা বিদেশে। বাড়িতে দম্পতি ছাড়া কেউ থাকতেন না। আজ সকালে পরিচারিকা বাড়িতে এসে ডাকাডাকি করে কোনও সাড়া না পেয়ে স্থানীয় পঞ্চসায়র থানায় খবর দেন। পুলিশ এসে স্বামীকে উদ্ধার করলেও বিজয়া দেবীকে মৃত অবস্থায় পায়। বৃদ্ধার গায়ের গহনা উধাও। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, ডাকাতির উদ্দেশ্যেই তাঁদের ওপর আক্রমণ করা হয়েছে।

**********************

আজ কৌশিকী অমাবস্যা। তারাপীঠ সহ বিভিন্ন দেবী পীঠে যথাযথ মর্যাদায় দিনটি পালিত হচ্ছে। প্রচলিত বিশ্বাস অনুযায়ী, শুম্ভ ও নিশুম্ভ নামে দুই শক্তিশালী অসুরের দাপটে কাঁপছিল ত্রিলোক। আকুল আবেদন নিয়ে দেবী পার্বতীর দ্বারস্থ হলেন দেবতারা। তখন বিষ্ণুর ইচ্ছায় দেবী পার্বতী তাঁর কোষ থেকে জন্ম দিলেন শক্তিরূপিনী দেবী কৌশিকীর। দেবী শুম্ভ-নিশুম্ভকে বধ করে রক্ষা করেছিলেন স্বর্গ-মর্ত্য-পাতালকে। সেই তিথি ছিল ঘোর অমাবস্যা। পুণ্যপুরাণ মতে, ব্রহ্মার তপস্যা করেছিলেন শুম্ভ-নিশুম্ভ। বর পেয়েছিলেন একমাত্র কোনও নারীই বধ করতে পারবেন তাদের। দেবী কৌশিকী হলেন সেই নারী। এক অমাবস্যার অন্ধকারে দুই অসুর শুম্ভ ও নিশুম্ভর সামনে অবতীর্ণ হন দেবী কৌশিকী। সেই মহাযুদ্ধে দেবীর কাছে হার হয় দুই অশুভ শক্তি শুম্ভ ও নিশুম্ভের। পরম পবিত্র তিথি হিসেবে চিহ্নিত হয়ে যায় কৌশিকী অমাবস্যা।

**********************

ব্যারাকপুরে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে মহামেডান স্পোর্টিং ১-২ গোলে ভবানীপুর ক্লাবের কাছে পরাজিত হয়েছে। ভবানীপুরের পক্ষে মহম্মদ মুশারফ ও ক্রেগ গোল করেছেন। মহামেডান স্পোর্টিং এর সজল বাগ একটি গোল করেন।

ভবানীপুর ক্লাব ১০ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার তৃতীয় স্থানে রইল।অন্যদিকে মহামেডান স্পোর্টিং ১০ ম্যাচে সাত পয়েন্ট পেয়ে দশম স্থানে রয়েছে।

*************************************************************************